চুয়াডাঙ্গায় দ্বিতল বিশিষ্ট বিএডিসির সেচ ভবন উদ্বোধন

চুয়াডাঙ্গায় নবনির্মিত বিএডিসির দ্বিতল বিশিষ্ট সেচ ভবনের আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়েছে।

বিএডিসির চেয়ারম্যান আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফিতা কেটে ভবনের উদ্বোধন করেন। আজ শনিবার (২ ডিসেম্বর) দুপুরে চুয়াডাঙ্গার নুরনগর পাড়ায় অবস্থিত এ ভবন উদ্বোধন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন বিএডিসির তত্ত্বাবধায়ক প্রকৌশলী আব্দুল্লাহ আল রশিদ, প্রকল্প পরিচালক মো. মাহাবুব আলম, সহকারী প্রকৌশলী শাহজালাল আবেদীনসহ বিএডিসির বিভিন্ন ইউনিটের কর্মকর্তাবৃন্দ।

দ্বিতল বিশিষ্ট এ ভবন নির্মাণে ব্যয় হয়েছে ১ কোটি ২০ লাখ টাকা।

মেহেরপুরে স্বপ্ন সুপার শপের উদ্বোধন

মেহেরপুরে দেশের অন্যতম সুপার শপ ব্র্যান্ড স্বপ্ন এর উদ্বোধন করা হয়েছে। আজ বৃহস্পতিবার (৩০ নভেম্বর) সকালে শহরের নীলমণি সড়কে গার্লস স্কুলের পিছনে ফিতা ও কেক কেটে নতুন স্বপ্ন সুপার শপের উদ্বোধন করেন মেহেরপুর ব্যবসায়ী সমিতির সভাপতি মনিরুজ্জামান দিপু।

উদ্বোধনকালে তিনি বলেন,স্বপ্ন সুপার শপের যাত্রা শুরুর প্রধান লক্ষ্য হলো জনগণকে একই ছাদের নিচে সকল ধরণের সেরা পণ্যের সেবা প্রদান করা। মানুষ তার পছন্দ মতো পণ্য এখানে সুন্দর পরিবেশে কিনতে পারবে।

এছাড়াও স্বপ্নের নতুন শপটি উদ্বোধন উপলক্ষ্যে বিভিন্ন পণ্যের

ওপরে বিশেষ ছাড় দেওয়া হয়েছে বলে জানান তিনি।

এসময় স্বপ্ন সুপার শপের পরিবেশক মোহন লাল আগরওয়ালা, জগদীশপ্রসাদ আগরওয়াল, জিএন এন্টারপ্রাইজ এর স্বত্বাধিকারী গোলাম সাহেদ সহ বড় বাজারের ব্যবসায়ীরা উপস্থিত ছিলেন।

ক্রেতারা বলেন,মেহেরপুরে এই প্রথম সব ধরনের পন্য একই ছাদের নিচে এটা অভাবনীয় বিষয়। যারা এই সুপার শপ বাস্তবায়ন করেছে তাদেরকে ধন্যবাদ জানাচ্ছি। এবং প্রতিষ্ঠানটি যাতে আগামী দিনে সুন্দর ভাবে চলে সেই দোয়া করি।

মেহেরপুরের নতুন দরবেশপুরে মসজিদ নির্মাণ কাজের উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলার নতুন দরবেশপুরে জামে মসজিদের বেইজ ঢালাইয়ের মধ্য দিয়ে শুভ সূচনা করা হয়েছে নির্মাণ কাজ। আজ বুধবার সকালে নতুন দরবেশপুরে গ্রামবাসীর উপস্থিতিতে এই ঢালাই কাজের উদ্বোধন করা হয়।

মসজিদের ইমাম মুফতি খায়রুল বাশারের দোয়া পরিচালনার মধ্যে দিয়ে চার কাঠা জমির উপর তিন হাজার বর্গফুট আকৃতির তিনতলা মসজিদ ভবনের বেইজ ঢালাইয়ের শুভ উদ্বোধন করেন জেলা কৃষকলীগের সভাপতি ও মসজিদ কমিটির প্রধান উপদেষ্টা মাহবুব উল আলম শান্তি।

এসময় উপস্থিত ছিলেন মসজিদ কমিটির উপদেষ্টা শাহিনুল ইসলাম, সভাপতি ইসরাইল হোসেন, সাধারন সম্পাদক মাহবুব ইসলামসহ গ্রামের মুসুল্লিবৃন্দ।

এসময় এলাকাবাসীরা বলেন মসজিদ নির্মাণ হওয়াতে দীর্ঘদিনের একটি স্বপ্ন পুরণ হতে চলেছে আমাদের। মহল্লার সকল মুসল্লিরা এক সাথে সমবত হয়ে নামাজ আদায় করে আল্লাহর দোয়া করতে পারবে এ জন্য মসজিদ নির্মাণ কাজে মহল্লার সকলে স্বেচ্ছায়শ্রম দিয়ে যাচ্ছি।

মেহেরপুরে অস্ত্রসহ ভিডিপি সতেজকরণ প্রশিক্ষণের উদ্বোধন

মেহেরপুর আনসার ও ভিডিপির অস্ত্রসহ সতেজকরণ প্রশিক্ষণ ১ম ধাপের উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (২১ নভেম্বর) দুপুর ১২ টায় জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ৩ দিন মেয়াদি অস্ত্রসহ সতেজকরণ প্রশিক্ষণ উপলক্ষে প্রশিক্ষণ শ্রেণিকক্ষের ১ম ধাপের উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জেলা কমান্ড্যান্ট প্রদীপ চন্দ্র দত্ত প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এর শুভ উদ্বোধন ঘোষণা করেন।

এ সময় কোর্সের সাথে সংশ্লিষ্ট কোর্স অ্যাডজুট্যান্ট মুজিবনগর উপজেলা আনসার কর্মকর্তা মিরাজুল ইসলাম, প্রশিক্ষণ কর্মকর্তা সিএ মোঃ আল মামুন, সদর উপজেলা প্রশিক্ষকা ফেরদৌসী বানু, সদর টিআই সাগর আহমেদসহ কোর্স সংশ্লিষ্ট বিভাগীয় প্রশিক্ষকগণ উপস্থিত ছিলেন।

জেলার তিনটি উপজেলা হতে মোট ৬৫ জন আনসার ও ভিডিপি সদস্য অংশ নেন।

আলমডাঙ্গায় মতবিনিময় ও আব্দুল মজিদ মেমোরিয়াল সায়েন্স

কর্নার উদ্বোধন

আলমডাঙ্গা স্বয়ম্ভর লাইব্রেরির উদ্যোগে বিজ্ঞানশিক্ষা বিষয়ক মতবিনিময় ও আব্দুল মজিদ মেমোরিয়াল সায়েন্স কর্নারের শুভ উদ্বোধনে করা হয়।

আজ বুধবার সকাল ১০ টার দিকে জেস টাওয়ার ভবনে স্বয়ম্ভর লাইব্রেরির হলরুমে স্বয়ম্ভর লাইব্রেরির সভাপতি ও দি নিউনেশন পত্রিকার স্টাফ রিপোটার সাংবাদিক এনামুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গার কৃতি সন্তান কানাডার ক্যালগরি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. আনিস হক (রাজ)।

উল্লেখ্য শিক্ষক আব্দুল মজিদ আলমডাঙ্গা সরকারি উচ্চ বিদ্যালয়ের স্বনামধন্য শিক্ষক ছিলেন এবং ড. আনিস হক রাজ তার নাতি ছেলে। দাদার প্রতি অকৃত্রিম ভালবাসা ও স্মৃতি ধরে রাখতে ড. রাজ বাংলা ভাষায় প্রকাশিত অধিকাংশ বিজ্ঞান বই উপহার দিয়ে স্বয়ম্ভর পাবলিক লাইব্রেরিতে ” মজিদ স্যার মেমোরিয়াল কর্ণার” চালু করলেন। তিনি প্রায় দেড় ঘন্টা সময় নিয়ে বিজ্ঞানশিক্ষা বিষয়ে গুরুত্বপূর্ণ মতামত তুলে ধরেন এবং ছাত্রছাত্রী ও অভিভাবকদের নানা প্রশ্নের উত্তর দেন।

অনুষ্ঠানে উপস্থিত সূধীজনেরা তাদের বক্তব্যে এ জাতীয় কর্মকান্ডের ভূয়সী প্রশংসা করে এলাকার উন্নয়নে সবাইকে এভাবে এগিয়ে আসার আহবান জানান। একই অনুষ্ঠানে কালিদাসপুরের সন্তান ইতালি প্রবাসী আব্দুল্লাহ টিপু সুলতান এবং তার সহধর্মিনী নারগিস আরা শিল্পী (কানাডিয়ান-বাংলাদেশী নাগরিক) স্বয়ম্ভর লাইব্রেরীকে আনুমানিক ১২,৫০০/ (বার হাজার পাঁচশত) টাকা মূল্যমানের বই উপহার দেন । উল্লেখ্য টিপু সুলতান বেশ কিছু গুরুত্বপূর্ণ বই (ইংরেজি ভার্সন) সরাসরি ইতালি থেকে নিয়ে এসেছেন।

এমএসজোহা কলেজের সিনিয়র প্রভাসক একেএম ফারুক হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আয়ুব হোসেন, সর্বজন শ্রদ্ধেয় শিক্ষক আফিল উদ্দিন, সাবেক মৎস অফিসার মীর আব্দুল হামিদ চৌধুরী, আলমডাঙ্গা সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোনায়েম হোসেন, প্রেসক্লাবের সভাপতি খোঃ শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক খন্দকার হামিদুল ইসলাম আজম, হারদী এমএস জোহা ডিগ্রী কলেজের অধ্যক্ষ ওমর ফারুক, চুয়াডাঙ্গা সরকারি

বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ডিনা ম্যাডাম, এরশাদপুর একাডেমীর প্রধান শিক্ষক ফজলুল হক, হালসা কলেজের ক্রীড়া শিক্ষক শরিফুল ইসলাম, কবি আব্দুল কুদ্দুস, সরকারি কলেজের ক্রীড়া শিক্ষক সাইদ হীরন, ক্রীড়া সংগঠক মিজানুর রহমান, আব্দুর রশিদ, বিশ্বজিৎ শাধুখাঁ, বণিক সমিতির সাধারণ সম্পাদক কামাল হোসেন প্রমুখ ।

এছাড়াও অনুষ্ঠানে এলাকার অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ ও সূধীজনেরা উপস্থিত ছিলেন। এছাড়াও উপস্থিত ছিলেন আলমডাঙ্গা সরকারি কলেজের সিনিয়র প্রভাসক শরিয়তুল্লাহ, প্রভাসক আব্দুল হাই, প্রভাসক প্রদর্শক রাজিউজ্জামান রাজ, চন্দন পাল ও রাকিবের নেতৃত্বে স্বয়ম্ভর লাইব্রেরির স্বেচ্ছাসেবক দলের সার্বিক তৎপরতায় অনুষ্ঠানটি অত্যন্ত সুন্দরভাবে সম্পন্ন হয়।

মেহেরপুর জজ কোর্টে নতুন কনফারেন্স রুমের উদ্বোধন

মেহেরপুর বিচার বিভাগের নতুন কনফারেন্স রুম (সম্মেলন কক্ষ) উদ্বোধন করেছেন মেহেরপুর জেলা ও দায়রা জজ মোঃ শহিদুল্লাহ।

সোমবার ৬ নভেম্বর সকাল ১০ টায় মেহেরপুর জেলা জজ আদালতের তৃতীয় তলায় ১০০ আসন বিশিষ্ট আধুনিক সুযোগ সুবিধা সমৃদ্ধ নতুন কনফারেন্স রুমটির উদ্বোধন করা হয়।

ছবিঃ মেহেরপুর প্রতিদিন

এসময় জেলা জজ আদালত ও চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের সকল বিচারক,মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সভাপতি কামরুল হাসান ও সাধারন সম্পাদক খ.ম.ইমতিয়াজ হারুন বিন জুয়েল এবং মেহেরপুর জেলা বিচার বিভাগের সকল কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য আগের সম্মেলন কক্ষটি ছিলো ছিল স্বল্প পরিসরে জেলা জজ আদালতের দ্বিতীয় তলায়। সেখানে কোন বড় ধরনের সম্মেলন করতে গেলে স্থান সংকুলান হতো না আবার দাপ্তরিক কাজের ক্ষেত্রেও সমস্যা ঘটত। পরিস্থিতি বিবেচনায় জেলা জজ আদালতের বিচারক মোঃ শহীদুল্লাহ পরামর্শে গণপূর্ত বিভাগের পক্ষ থেকে কনফারেন্স রুমটি প্রস্তুত করে দেয়া হয়।

মেহেরপুরে দিঘিরপাড়া ঈদগাহ মাঠ উদ্বোধন করলেন পৌর মেয়র

মেহেরপুর পৌরসভার ৫ ও ৭ নম্বর ওয়ার্ডের সমন্বয়ে ১৮ কাঠা জমির ওপর দিঘিরপাড়ায় ঈদগাহ মাঠ উদ্বোধন করলেন মেহেরপুর পৌরসভার মেয়র ও মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন ।

সোমবার বিকেলে দীঘিরপাড়ায় মেহেরপুর পৌরসভার পাঁচ ও সাত নম্বর ওয়ার্ডের সমন্বয়ে ঈদগাহ মাঠের উদ্বোধন করা হয়।

দিঘিরপাড়া ঈদগাহ মাঠ উদ্বোধনের সময় উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার মেয়র ও মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন ।
অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার ২নং ওয়ার্ড কাউন্সিলর ও সদর থানা যুবলীগের সাধারণ সম্পাদক আল মামুন, মেহেরপুর পৌরসভার ৫নং ওয়ার্ড কাউন্সিলর মোস্তাক আহমেদ, মেহেরপুর পৌরসভা ৫নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক খলিলুর রহমান। ৭নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি মুরাদ হোসেন, দিঘিরপাড়া নতুন ঈদগাহ মাঠ কমিটির সভাপতি মো: সুজন এবং সেক্রেটারি আজিজুল হক, যুবলীগ নেতা ইয়ানুস, যুবলীগ নেতা সাজু, দিঘিরপাড়ার কৃতি সন্তান আব্দুল হান্নান হাদু, মুক্তার হাজী সহ বিভিন্ন শ্রেণীর পেশার মানুষ উপস্থিত ছিলেন।

মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন নির্বাচনের সময় আপনাদের কাছে প্রতিশ্রুতি দেওয়া ছিল জায়গার ব্যবস্থা হলে আমি আপনাদের ঈদগাহ মাঠ করে দিব আজকে সেই কথার বাস্তবায়ন হতে যাচ্ছে। আপনাদের সকলকে ঈদগাহ মাঠ নতুন আঙ্গিনায় তৈরি হবে নতুন সাজে সাজবে বিশেষ করে দিঘির পাড়া ৫ নাম্বার এবং ৭ নাম্বার ওয়ার্ড মানুষগুলোর দীর্ঘদিনের চাওয়া পাওয়া এটা আজকে পূরণ হতে যাচ্ছে।

এ সময় তিনি আরো বলেন সামনে রমজানের ঈদে রাস্তা দিয়ে হেঁটে এই নতুন ঈদগাঁতে নামাজ আদায় পারে সেই ব্যবস্থা করে দেবো ইনশাআল্লাহ।

এর আগে মেহেরপুর পৌরসভার ৫ এবং ৭ নম্বর ওয়ার্ডের সমন্বয়ে মেহেরপুর পৌরসভার মেয়র ও মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটনকে ফুল দিয়ে বরণ করে নিন।

দামুড়হুদায় কৃষকদের মাঝে বিনামূল্যে সার বীজ বিতরণের উদ্বোধন

দামুড়হুদায় ২০২৩-২৪ অর্থবছরে রবি মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ৩ হাজার ৩৯০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মধ্যে গম, ভুট্টা, সরিষা, শীতকালীন পেঁয়াজ, মুগ, মসুর ও খেসারি ফসলের আবাদ উৎপাদন বৃদ্ধির লক্ষে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা ১১ টায় উপজেলা প্রশাসন ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর দামুড়হুদা অফিসের আয়োজনে উপজেলা পরিষদ চত্বরে বিতরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়।

জেলা কৃষি কর্মকর্তা বিভাস চন্দ্রের সভাপতিত্বে বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

এসময় আরো উপস্থিত ছিলেন- উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান শাহিদা খাতুন, দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন সুলতানা।

অনুষ্ঠানে বিঘাপ্রতি ২০ কেজি করে গম বীজ, ১০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমওপি সার; কৃষককে ২ কেজি করে ভুট্টা বীজ, ২০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমওপি সার; কৃষককে ১ কেজি করে সরিষা বীজ, ১০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমওপি সার; ১ কেজি করে শীতকালীন পেঁয়াজ বীজ, ১০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমওপি সার; কৃষককে ৫ কেজি করে মুগ বীজ, ১০ কেজি ডিএপি সার ও ৫ কেজি এমওপি সার; কৃষককে ৫ কেজি করে মসুর বীজ, ১০ কেজি ডিএপি সার ও ৫ কেজি এমওপি সার প্রদান করা হয়।

মেহেরপুরে শহীদ মিজানুর রহমান রিপন নাইট ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

মেহেরপুরের কালাচাঁদপুরে শহীদ মিজানুর রহমান রিপন স্মৃতি নাইট ফুটবল টুর্নামেন্টের উদ্বোধনের আয়োজন করা হয়েছে।

গত শুক্রবার রাতে কালাচাঁদপুর ঈদগাহ মাঠে শহীদ মিজানুর রহমান রিপন স্মৃতি নাইট ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়।

কালাচাঁদপুর ৪নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শওকত আলীর সভাপতিত্বে ফুটবল টুর্নামেন্টর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা সহ আওয়ামী লীগ, যুবলীগ এবং ছাত্রলীগের বিভিন্ন নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

পরে কালাচাঁদপুর ঈদগাহ মাঠে শহীদ মিজানুর রহমান রিপন স্মৃতি নাইট ফুটবল টুর্নামেন্টে একদিকে অংশগ্রহণ করে ছোট ভাই একাদশ অপরদিকে ইলেভেন একাদশ।

আলমডাঙ্গার গোবিন্দপুর মাঠপাড়ায় দুর্গাপূজার উদ্বোধন

আলমডাঙ্গা গোবিন্দপুর মাঠপাড়ায় সার্বজনীন কালিমন্দির প্রাঙ্গণে দুর্গাপূজার উদ্বোধন করা হয়েছে। শুক্রবার সন্ধ্যা ৬ টার দিকে জেলা আওয়ামী লীগের সদস্য ও সাবেক হারদি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নুরুল ইসলাম প্রধান অতিথি হিসেবে ফিতা কেটে দুর্গাপূজার উদ্বোধন করেন।
এসময় তিনি বলেন, ধর্ম যার যার উৎসব সবার। ধর্মের অজুহাতে অনেকে নৈরাজ্য সৃষ্টির চেষ্টা করে। তবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান সকল ধর্মকে শ্রদ্ধার সাথে দেখেছেন।
অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ৭ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি সাহাবুদ্দিন, এম সবেদ আলি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ঠান্ডু রহমান।
উদ্বোধনী অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন দুর্গাপূজা উদযাপন কমিটির সভাপতি প্রকাশ কুমার ব্যাধ, সাধারণ সম্পাদক আতিক কুমার ব্যাধ। এছাড়া ব্যাধ সম্প্রদায়ের নেতৃত্বের প্রধান বিধান কুমার ব্যাধ, অচিন্ত কুমার ব্যাধ, লালু কুমার ব্যাধ, শংকর কুমার ব্যাধ, সাগর, সঞ্জিত, অজয়, লিটন, প্রশান, কাঞ্জন, মিঠুন, সওদাগর, বিক্রম, রুবেল, আশিক, সাজিত, অজিত, রাহুল, মিঠুন, হৃদয়, নিশান প্রমূখ।